

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
Fax: 880-2-8615583
E-mail: publicrelations@du.ac.bd

নং-জস/৩০৪/২০২০-২১



জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

১৯ জ্যৈষ্ঠ ১৪২৮

০২ জুন ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা 'গার্হস্থ্য অর্থনীতি ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ২৭ আগস্ট

ঢাকা বিশ্ববিদ্যালয় গার্হস্থ্য অর্থনীতি ইউনিটের অন্তর্গত গার্হস্থ্য অর্থনীতি কলেজসমূহে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষা আগামী ২৭ আগস্ট ২০২১ শুক্রবার সকাল ১০টায় অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার সময় ১ ঘন্টা, নম্বর ১০০, পাশ নম্বর ৪০ এবং পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। এই ইউনিটে শুধুমাত্র মহিলা শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। গতকাল ০১ জুন ২০২১ মঙ্গলবার উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-এর সভাপতিত্বে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত গার্হস্থ্য অর্থনীতি ইউনিটের ভর্তি পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কেন্দ্রীয় ভর্তি কমিটির এক সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, গার্হস্থ্য অর্থনীতি ইউনিটে ভর্তি পরীক্ষার সমন্বয়কারী ও ঢাকা জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. মোস্তাফিজুর রহমান উপস্থিত ছিলেন।

এই ইউনিটে অনলাইনে ভর্তির আবেদন প্রক্রিয়া আগামী ১৫ জুন ২০২১ থেকে শুরু হবে। আবেদন প্রক্রিয়া শেষ হবে আগামী ৩১ জুলাই ২০২১। ২০১৫ সাল থেকে ২০১৮ সাল পর্যন্ত মাধ্যমিক/সমমান এবং শুধুমাত্র ২০২০ সালের বাংলাদেশের যে কোন শিক্ষাবোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়/কারিগরি শিক্ষাবোর্ড/মাদ্রাসা বোর্ড/এ-লেভেল বা সমমানের বিদেশি ডিগ্রিধারী শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। ভর্তির আবেদন ফি ৬৫০ (ছয়শত পঞ্চাশ) টাকা নির্ধারণ করা হয়েছে।

ভর্তিচ্ছু আবেদনকারীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৫.৫ হতে হবে। তবে কোন পরীক্ষায় জিপিএ ২.৫ এর কম হলে আবেদন করা যাবে না।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা ও তথ্য <http://admission.eis.du.ac.bd> ওয়েবসাইট থেকে জানা যাবে।

(মাহমুদ আলম)
পরিচালক
জনসংযোগ দফতর
ঢাকা বিশ্ববিদ্যালয়